# কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নীতিমালা

(সংশ্লিষ্ট অংশ)

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ

## কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নীতিমালা

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ

- গ্রেড-৪ থেকে গ্রেড-১০ পর্যন্ত পদের জন্য

১। **সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) "অনুষদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(খ) "ইন্সটিটিউট" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো ইন্সটিটিউট;

(গ) "একাডেমিক কাউন্সিল" অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(ঘ) "কর্তৃপক্ষ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ;

(ঙ) "কেন্দ্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র;

(চ) "কমিশন" অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন The University Grants Commission Order, ১৯৭৩ (P.O. No.10 of ১৯৭৩)-এর দ্বারা গঠিত;

(ছ) "চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;

(জ) "পদ" অর্থ নীতিমালায় উল্লিখিত কোনো পদ;

(ঝ) "পাবলিক বিশ্ববিদ্যালয়" অর্থ বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহ নহে;

(ঞ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ নীতিমালায় কোনো পদের বিপরীতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতা;

(ট) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো একাডেমিক বিভাগ;

(ঠ) "বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ" অর্থ The University Grants Commission Order, ১৯৭৩ (P.O. No.10 of ১৯৭৩);

(ড) "ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(ঢ) "রেজিস্ট্রার" অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(ণ) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত ছাত্র বা ছাত্রী;

(ত) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ;

(থ) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

২। **সাধারণ নিয়মাবলি**

(ক) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না;

(খ) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে নিয়োগের জন্য বিবেচনা করা হবে না;

(গ) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় চাকরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকরির পূর্ণ সময়কাল বিবেচনা করা যেতে পারে;

(ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় চাকরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে;

(ঙ) চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

(চ) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের তথ্য ও সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ২ (দুই) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

(ছ) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(জ) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি আবেদনে স্পষ্ট উল্লেখ করতে হবে;

(ঝ) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ঞ) বিভাগীয়/অভ্যন্তরীণ এবং সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য;

(ট) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন এবং পদের সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন;

(ঠ) সাধারণত ২১ দিন তবে বিশেষ ক্ষেত্রে কমপক্ষে ১৫ দিন সময় উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;

(ড) আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোনো তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত সুবিধা প্রদান করা হবে না;

(ঢ) ভবিষ্যতে সৃষ্ট পদের ক্ষেত্রে সমমানের পদের একই রকম যোগ্যতা ও অভিজ্ঞতা গ্রহণযোগ্য হবে;

(ণ) নিয়োগ নীতিমালায় বর্ণিত নেই এমন পদের ক্ষেত্রে সমমর্যাদাসম্পন্ন কাজের সাথে সংগতি আছে এরূপ বেতনস্কেল/ গ্রেডধারী কর্মকর্তাদের ক্ষেত্রে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

**৩। গ্রেড-৪ থেকে গ্রেড-১০ পর্যন্ত পদে নিয়োগের নীতিমালা।**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ-এর গ্রেড-৪ থেকে গ্রেড-১০ পর্যন্ত পদে নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য শিক্ষাগতযোগ্যতা, অভিজ্ঞতা ও সাধারণ শর্তাবলী (MPQ) সম্পর্কিত নীতিমালা-২০২৩ (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) :

| ক্রম. | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ | (ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/তথ্যপ্রযুক্তি/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/অ্যাপ্লায়েড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক বা সংশ্লিষ্ট বিষয়ে সনাতন পদ্ধতিতে ০৩ (তিন) বছরের স্নাতকসহ স্নাতকোত্তর/০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রিধারী হতে হবে।<br>(খ) শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-এর ক্ষেত্রে ৪ (চার) স্কেলে ২.৭৫ এবং জিপিএর ক্ষেত্রে ৫ (পাঁচ) স্কেলে ৩.২৫ থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে My SQL/PHP, C++, Python, Java, JavaScript এবং LINUX/WINDOWS NT এনভায়রনমেন্ট এ কাজ করার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ২ | সেকশন অফিসার<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | (ক) প্রার্থীকে যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সনাতন পদ্ধতিতে ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রিধারী হতে হবে। |

| | | |
|---|---|---|
| | | (খ) শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-এর ক্ষেত্রে ৪ (চার) স্কেলে ২.৭৫ এবং জিপিএর ক্ষেত্রে ৫ (পাঁচ) স্কেলে ৩.২৫ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া করা যেতে পারে। বয়স : সর্বোচ্চ ৩০ বছর। |
| ৩ | প্রশাসনিক কর্মকর্তা<br>বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | (ক) প্রার্থীকে যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সনাতন পদ্ধতিতে ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর/০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রিধারী হতে হবে।<br>(খ) শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-এর ক্ষেত্রে ৪ (চার) স্কেলে ২.৭৫ এবং জিপিএর ক্ষেত্রে ৫ (পাঁচ) স্কেলে ৩.০০ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী<br>(সিভিল)<br>বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | (ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/পলিটেকনিক ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ৪ বছর মেয়াদী ডিগ্রি থাকতে হবে।<br>(খ) শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ-এর ক্ষেত্রে ৪ (চার) স্কেলে ২.৭৫ এবং জিপিএর ক্ষেত্রে ৫ (পাঁচ) স্কেলে ৩.০০ থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩০ বছর। |